দৈনিক ইত্তেফাক

৪/১১/২০০০

তারিখ ...
পৃষ্ঠা ...২... কলাম ...৫...

# বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষকদের দাবীর মুখে ইসলামী ভার্সিটির ভিসির পদত্যাগ

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষকদের দাবীর মুখে গতকাল শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ লুৎফর রহমান পদত্যাগ করিয়াছেন। রাজশাহী হইতে ক্যাম্পাসে ফ্যাক্সে প্রেরিত

(২য় পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## ভিসির পদত্যাগ

(প্রথম পৃষ্ঠার পর)

পদত্যাগপত্রে পদত্যাগের কারণ হিসাবে 'উদ্ভূত পরিস্থিতি এবং ব্যক্তিগত কারণ' উল্লেখ করা হইয়াছে। নিয়ম মোতাবেক পদত্যাগপত্রটি চ্যান্সেলরের সচিব (শিক্ষা) বরাবর লিখিত। গতকালই রেজিস্ট্রার ডঃ মোসলেম উদ্দিন উক্ত পদত্যাগপত্রটি উক্ত সচিব বরাবর ফ্যাক্স করিয়া পাঠাইয়া দিয়াছেন বলিয়া এই সংবাদদাতাকে জানান। ভিসি গত বছরের ১৯ অক্টোবর এই পদে দায়িত্ব গ্রহণ করেন। তিনি আজ রবিবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পূর্ব পদে (রসায়ন বিভাগ) যোগদান করিবেন। এদিকে ভিসির পর সবচাইতে গুরুত্বপূর্ণ ট্রেজারার পদটি মেয়াদ শেষ হওয়ার কারণে গত ৪ সেপ্টেম্বর হইতে শূন্য থাকায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে বিরাট শূন্যতা বিরাজ করিতেছে। ভিসির পদত্যাগের ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোশাররফ হোসেন বলেন, তিনি (ভিসি) অতিশয় ভদ্রলোক। এ কারণে স্বেচ্ছায় পদত্যাগ করিয়া বিশ্ববিদ্যালয়কে আশু এক ভয়াবহ সংকট হইতে মুক্তি দিয়াছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কল্যাণার্থে অবিলম্বে নূতন ভিসি নিয়োগের জন্য বিএনপি সমর্থক শিক্ষক সংগঠন জিয়া পরিষদ এবং জামায়াত সমর্থক গ্রীন ফোরাম পৃথক বিবৃতিতে এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিকট জোর দাবী জানাইয়াছেন।